

বিশ্বসাহিত্য কেন্দ্রের পাঠাভ্যাস কার্যক্রম

দেশসেরা বহরপুর
উচ্চ বিদ্যালয়

রাজবাড়ী প্রতিনিধি >

বিশ্বসাহিত্য কেন্দ্রের পাঠাভ্যাস উন্নয়ন কার্যক্রমের আওতায় এ বছর দেশসেরা হয়েছে রাজবাড়ীর বালিয়াকান্দির বহরপুর উচ্চ বিদ্যালয়। সারা দেশের ছয় হাজার ৫৫৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে এটি সেরা হয়েছে। প্রসঙ্গত, বিশ্বসাহিত্য কেন্দ্রের পাঠাভ্যাস উন্নয়ন কার্যক্রমটি শুরু হয়েছে ২০০৯ সালে। সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের সেকায়েপ কর্মসূচির পক্ষ থেকে কেন্দ্র এটি পরিচালনা করেছে।

জেলা শিক্ষা কর্মকর্তা সৈয়দ সিদ্দিকুর রহমান জানান, বিশ্বসাহিত্য কেন্দ্রের সেকায়েপ কর্মসূচির আওতায় দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে পাঠাভ্যাস গড়ে তোলার কাজ করা হচ্ছে। এ কর্মসূচির আওতায় জেলার বালিয়াকান্দির বহরপুর উচ্চ বিদ্যালয়টিও আছে। সংশ্লিষ্ট কেন্দ্রের কর্মকর্তারা বিদ্যালয়টিতে আসেন এবং পূর্ব যোগা অনুযায়ী বিদ্যালয়ের ২৫০ শিক্ষার্থী একটি পরীক্ষায় অংশ নেয়। তাদের মধ্যে ২২০ জন উত্তীর্ণ হয়। এই সংখ্যা দেশের অন্য শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর মধ্যে সবচেয়ে বেশি। এ কারণেই বহরপুর উচ্চ বিদ্যালয়টিকে দেশসেরা হিসেবে নির্বাচিত করা হয়েছে।

এ উপলক্ষে গত বুধসপ্তাহের বিকেলে বিশ্বসাহিত্য কেন্দ্র বহরপুর উচ্চ বিদ্যালয়ে এক পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল মজিদ সেখের সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন সেকায়েপ কর্মসূচির প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিব ড. মো. মাহমুদ-উল হক। অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা প্রশাসক মো. রফিকুল ইসলাম খান, বিশ্বসাহিত্য কেন্দ্রের পরিচালক শরীফ মো. মাসুদ, জেলা শিক্ষা কর্মকর্তা সৈয়দ সিদ্দিকুর রহমান, উপজেলা নির্বাহী কর্মকর্তা কামরুল হাসান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবুল কালাম আজাদ, বহরপুর কলেজের অধ্যক্ষ ওহিদুল হক প্রমুখ।